

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা
ত্রাণ ও পুনর্বাসন শাখা
www.gaibandha.gov.bd



স্মারক নম্বর: ০৫.৫৫.৩২০০.১০৩.৪১.০০১.২১.৮৮

তারিখ: ১ কার্তিক ১৪৩০

১৭ অক্টোবর ২০২৩

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে ঢেউটিন ও গৃহমঞ্জুরির অর্থ উপ-বরাদ্দ।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৫১.০১.০০০০.০১৬.২০.০০৫.২৩.৬৪৬ তারিখঃ ২২/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের বাড়ি-ঘর মেরামত/পুনঃনির্মাণে মানবিক সহায়তা হিসেবে বিনামূল্যে বিতরণের নিমিত্ত উপজেলার নামের পাশে উল্লিখিত পরিমাণ ঢেউটিন এবং ঢেউটিনের সাথে বান্ডিল প্রতি ৩,০০০/- টাকা করে গৃহ নির্মাণ মঞ্জুরী বাবদ অর্থ নিম্নের শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলো। বিবরণঃ

ক্রঃ নং	উপজেলার নাম	উপ-বরাদ্দকৃত ঢেউটিনের পরিমাণ	উপ-বরাদ্দকৃত গৃহ নির্মাণ মঞ্জুরী বাবদ টাকার পরিমাণ	চেক নং ও তারিখ	মন্তব্য
১	সাঘাটা	২৪০ (দুইশত চল্লিশ) বান্ডিল	৭,২০,০০০/- (সাত লক্ষ বিশ হাজার) টাকা।	চেক নং-৪১৩০৩৯৬ তারিখঃ ১৭/১০/২০২৩	
২	ফুলছড়ি	১৬০ (একশত ষাট) বান্ডিল	৪,৮০,০০০/- (চার লক্ষ আশি হাজার) টাকা।	চেক নং-৪১৩০৩৯৭ তারিখঃ ১৭/১০/২০২৩	
	মোট	৪০০ (চারশত) বান্ডিল	১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা।	-	

শর্তাবলীঃ

- উপজেলা নির্বাহী অফিসার মঞ্জুরিকৃত ঢেউটিন জনাব মাহমুদ হাসান, মাননীয় সংসদ সদস্য, ৩৩ গাইবান্ধা-৫ এর সাথে পরামর্শক্রমে বিতরণ করবেন।
- ঢেউটিন প্রাপকের ঘর নির্মাণের নিজস্ব জায়গা থাকতে হবে।
- ঢেউটিন বিতরণের সাথে আবশ্যিকভাবে বান্ডিল প্রতি ৩০০০/- (তিন হাজার) টাকা ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে।
- বরাদ্দকৃত টাকা ঢেউটিন ব্যতিত অন্য কোনভাবে বিতরণ করা যাবে না।
- উপজেলা নির্বাহী অফিসার বরাদ্দকৃত ঢেউটিন ও গৃহমঞ্জুরি বিতরণে সংশ্লিষ্ট নির্দেশিকা ও বিধি-বিধান পালন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০১.০৮.২০২২ খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০০৩.০৬.০৩৬.২১.৯০৬ স্মারকের আলোকে ঢেউটিনসহ সব ধরনের ত্রাণ সামগ্রী বিতরণের সময় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নাম সম্বলিত ব্যানার প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
- তঁার একজন উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে মাস্টার রোলে জাতীয় পরিচয় পত্র নম্বর উল্লেখ পূর্বক ঢেউটিন ও টাকা বিতরণ করতে হবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মাঝে ঢেউটিন ও টাকা বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে হবে।
- তঁার একজন উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে বরাদ্দকৃত টাকার চেক ও ঢেউটিন এ কার্যালয় হতে গ্রহণ করে বিতরণ/ বন্টন করতে হবে।
- জারীকৃত উপ-বরাদ্দ পত্র উপজেলার তথ্য বাতায়নে Upload করতে হবে।

- (ট) ভবিষ্যৎ নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব / মাস্টার রোল তাঁর কার্যালয়ে (দুর্যোগ ব্যবস্থাপনা শাখায়) সংরক্ষণ করতে হবে।
(ঠ) বরাদ্দকৃত ডেউটিন ও টাকা বিতরণ করে অতিসত্বর এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

Jewel

১৮-১০-২০২৩

জুয়েল মিয়া

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

ফোন: ০১৭০০-৭১৬৭৩৪

ইমেইল:

drrogaibandha@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার,
সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা।

স্মারক নম্বর: ০৫.৫৫.৩২০০.১০৩.৪১.০০১.২১.৮৮/১

তারিখ: ১ কার্তিক ১৪৩০
১৭ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় জাতীয় সংসদ সদস্য, গাইবান্ধা-০৫।
- ২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা।
- ৩) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা।
- ৪) সিএ টু ডিসি, গাইবান্ধা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Jewel

১৮-১০-২০২৩

জুয়েল মিয়া

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা